দৈনিক জনকণ্ঠ

তারিখ ০৬ MAY 2016
পৃষ্ঠা ... কলাম ...

অধ্যাপক রেজাউল হত্যা

# আতঙ্ক কাটছে না শিক্ষকদের ॥ ছুটির দিনেও আন্দোলন

**রাবি সংবাদদাতা ॥** রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) ইংরেজী বিভাগের অধ্যাপক এএফএম রেজাউল করিম সিদ্দিকী হত্যাকাণ্ডের ১৩ দিন পেরিয়ে গেলেও ঘটনার নৃশংসতা ভুলতে পারছেন না বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা। শিক্ষক হত্যাকাণ্ডের সঙ্গে জড়িত খুনীদের শনাক্ত করা গেলেও তাদের গ্রেফতার করতে না পারায় আতঙ্কে দিন কাটছে রাবির শিক্ষক-শিক্ষার্থীদের। এদিকে নির্মম এই হত্যাকাণ্ডের প্রতিবাদে বৃহস্পতিবার ছুটির দিনেও ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

জানা যায়, পবিত্র শব-ই-মিরাজ উপলক্ষে বৃহস্পতিবার রাবিতে ক্লাস-পরীক্ষা বন্ধ ছিল। ছুটির দিনেও ফাঁকা ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও সমাবেশ করে ইংরেজী বিভাগের শিক্ষার্থীরা। সকাল সাড়ে ১০টায় বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ কলা ভবনের সামনে নির্মিত 'মুকুল মঞ্চ' থেকে মিছিলটি শুরু হয়ে ক্যাম্পাসের বিভিন্ন স্থান ঘুরে পুনরায় সেখানে এসে সমাবেশে মিলিত হয়। এ সময় প্রিয় শিক্ষকের হত্যাকারীদের শাস্তি না হওয়া পর্যন্ত আন্দোলন চালিয়ে যাওয়ার ঘোষণা দেন শিক্ষার্থীরা।

অন্যদিকে চাঞ্চল্যকর এই হত্যাকাণ্ডে ১৩ দিন পেরিয়ে গেলেও অধ্যাপক রেজাউলের খুনীরা ধরা না পড়ায় রাবি শিক্ষকদের মধ্যে উদ্বেগ ও আতঙ্ক বাড়ছে।